

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৫.৬৮.০৩৩.১৪-৬৯০

তারিখঃ ২৬/০৩/২০১৪খ্রিঃ।

পরিপত্র

বিষয়ঃ ভূমি মন্ত্রণালয়ের অধীন রাজস্ব প্রশাসনের মাঠ পর্যায়ে কর্মরত ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ভূমি উপ-সহকারী কর্মকর্তা ও নাজির কাম-ক্যাশিয়ার পদে চাকুরীরত কর্মচারীদের আনুতোষিক ও অবসরভাতা মঞ্জুরীর পূর্বে সরকারি পাওনা ও অডিট আপত্তি নেই মর্মে প্রত্যয়ন গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা দপ্তর হিসেবে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তর কর্তৃক ইউনিয়ন ভূমি অফিস, উপজেলা ভূমি অফিসসহ রাজস্ব প্রশাসনের ম্যানেজমেন্ট ও সেটেলমেন্ট বিভাগের সকল অফিসসমূহের হিসাব নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়। এছাড়া মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর / অধিদপ্তরের নিরীক্ষাকার্য ও হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তর কর্তৃক সম্পাদিত হয়।

২। ভূমি মন্ত্রণালয়ের রাজস্ব প্রশাসনের ম্যানেজমেন্ট বিভাগের ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা / ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা এবং নাজির কাম-ক্যাশিয়ারগণ সরাসরি নগদ ভূমি উন্নয়ন কর, লীজমানি আদায় ও আর্থিক বিষয়ের সাথে সম্পৃক্ত। প্রতি বছর অডিটকালে বর্ণিত কর্মচারীগণের বিরুদ্ধে প্রায়ঃশই সরকারি অর্থ আত্মসাৎ, ভূমি উন্নয়ন কর ও লীজমানি কম আদায় সম্পর্কিত কোটি কোটি টাকার অডিট আপত্তি উত্থাপিত হয় এবং আপত্তিকৃত টাকা দায়ী কর্মকর্তা / কর্মচারীদের নিকট হতে আদায় সাপেক্ষে আপত্তি নিষ্পত্তি করা হয়ে থাকে। তাই উক্ত কর্মকর্তা / কর্মচারীদের আনুতোষিক ও অবসরভাতা মঞ্জুরীর পূর্বে তাদের বিরুদ্ধে অনিষ্পন্ন অডিট আপত্তি ও সরকারি পাওনা আছে কি-না তা নিশ্চিত হতে হবে।

৩। সম্প্রতি কিছু কিছু জেলায় সরাসরি সরকারি অর্থ আদায়ের সাথে সম্পৃক্ত কর্মকর্তা / কর্মচারীদের আনুতোষিক ও অবসরভাতা মঞ্জুরের ক্ষেত্রে অডিট আপত্তির বিষয়টি বিবেচনায় আনা হয় না। ফলে অবসরভাতা মঞ্জুরীর পরবর্তী সময়ে আপত্তির বিষয়টি কর্তৃপক্ষের নজরে আসলেও অবসর প্রাপ্ত কর্মকর্তা / কর্মচারীদের নিকট থেকে সরকারি পাওনা আদায় করা সম্ভব হয় না বিধায় অডিট আপত্তি নিষ্পত্তি করা সম্ভব হয় না।

৪। সরকারি নগদ অর্থ আদায়ের সাথে সম্পৃক্ত ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা / ভূমি উপ-সহকারী কর্মকর্তা এবং নাজির কাম-ক্যাশিয়ার পদে চাকুরীরত কর্মকর্তা / কর্মচারীদের অবসর ভাতা মঞ্জুরের পূর্বে তাদের বিরুদ্ধে অডিট আপত্তি আছে কি-না, উহা অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা সংস্থা হিসেবে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তর থেকে জানা আবশ্যিক। উল্লেখ্য ভি, পি কর্মচারীদের গ্রাচুয়িটি ও আনুতোষিক মঞ্জুরী সংক্রান্ত নথি হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের মতামতের ভিত্তিতে মঞ্জুরী প্রদান করা হয়। তাই সরকারি স্বার্থ সংরক্ষণে রাজস্ব প্রশাসনের মাঠ পর্যায়ের ম্যানেজমেন্ট বিভাগের ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা / ভূমি উপ-সহকারী কর্মকর্তা এবং নাজির কাম-ক্যাশিয়ার পদে চাকুরীরত কর্মকর্তা / কর্মচারীদের আনুতোষিক ও অবসরভাতা মঞ্জুরী প্রদানের পূর্বে তাদের বিরুদ্ধে অডিট আপত্তি সংক্রান্ত সরকারি পাওনা নাই মর্মে আপত্তিকারী নিরীক্ষা দপ্তরের নিকট থেকে প্রত্যয়ন গ্রহণ করা আবশ্যিক।


৫। এমতাবস্থায়, সরকারি স্বার্থ সংরক্ষণ ও অডিট আপত্তি নিষ্পত্তির স্বার্থে ভূমি উন্নয়ন কর, লীজমানি ও অন্যান্য নগদ সরকারি অর্থ আদায়ের সাথে সম্পৃক্ত রাজস্ব প্রশাসনের ম্যানেজমেন্ট বিভাগের ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা এবং নাজির কাম-ক্যাশিয়ারগণের আনুতোষিক ও অবসরভাতা মঞ্জুরীর পূর্বে অত্র মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা দপ্তর হিসেবে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের মতামত গ্রহণ পূর্বক অবসরভাতা মঞ্জুরের জন্য অনুরোধ করা যাচ্ছে।

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৫.৬৮.০৩৩.১৪-৬৯০

/১(১১০০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার,..... (সকল)।
- ০৪। জেলা প্রশাসক,..... (সকল)।
- ০৫। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)..... (সকল)।
- ০৭। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব),..... (সকল)।
- ০৮। সহকারী কমিশনার (ভূমি),..... (সকল)।
- ০৯। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। অফিস কপি।



(মোঃ আমজাদ আলী)

যুগ্ম-সচিব (প্রশাসন-১)

ফোন # ৯৫৪০১৬৭।

তারিখঃ ২৬/০৩/২০১৪খ্রিঃ।



(মোঃ আব্বাস উদ্দিন)

সিনিয়র সহকারী সচিব

ফোন # ৯৫৪০০৮৫।